ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১৬

আগরতলা, ২৩ এপ্রিল, ২০২৬

**২০২৫-২৬ অর্থবছরে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়নে এনইসি'র ১,৪৯৬.৭৮ কোটি টাকা ব্যয়**

২০২৫-২৬ অর্থবছরে উত্তর পূর্বাঞ্চল পর্ষদ (এনইসি) উত্তর পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের উন্নয়নে ১,৪৯৬.৭৮ কোটি টাকা ব্যয় করেছে। এর মধ্যে এনইসি (এসওএনইসি)-র প্রকল্পে ৭৯২.১২ কোটি এবং নর্থ ইস্ট স্পেশাল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট স্কিম- রোডস (এনইএসআইডিএস-রোডস) প্রকল্পে ৭০৪.৬৬ কোটি টাকা ব্যয় করা হয়েছে। শুধুমাত্র একটি অর্থ বছরে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির জন্য এনইসি'র এই অর্থ বরাদ্দ এই অঞ্চলের জন্য তাদের দৃষ্টিভঙ্গী তুলে ধরছে।

২০২৫-২৬ অর্থবছরে উত্তর পূর্বাঞ্চল পর্ষদ ৫৪টি নতুন প্রজেক্টের জন্য ৪৩৫.২২ কোটি টাকা বরাদ্দ করেছে। উচ্চশিক্ষা, স্বাস্থ্য পরিকাঠামো, শিল্প, কৃষি ও উদ্যান ক্ষেত্র, পর্যটন ক্ষেত্রের উন্নয়ন, সংস্কৃতির সংরক্ষণ ইত্যাদি খাতে এই অর্থ ব্যয় করা হবে। পঞ্চদশ অর্থ কমিশন চলাকালীন সময়ে এটি এক বছরে সর্বাধিক প্রকল্প অনুমোদনের রেকর্ড। এর পাশাপাশি সাংস্কৃতিক উৎসব, আন্তর্জাতিক/জাতীয়/আঞ্চলিক সেমিনার, কর্মশালা, সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজনের মতো ১৬২টি প্রজেক্ট বিহীন কর্মসূচির জন্য ২৪.০৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। সব মিলিয়ে ২০২৫-২৬ অর্থবছরের জন্য ৪৫৯.২৮ কোটি টাকা নতুন করে বরাদ্দ করা হয়েছে।

২০২৫-২৬ অর্থবছরে ১৩৬টি প্রজেক্টের কাজ সম্পন্ন হয়েছে। এই প্রজেক্টগুলির জন্য ৬৭৮.৮৫ কোটি টাকা ব্যয় হয়েছে। এর পাশাপাশি উৎসব, সেমিনার, কর্মশালা, সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজনের মতো প্রজেক্ট বিহীন ১৬১টি কর্মসূচির কাজ এই সময়ে শেষ হয়েছে। এগুলির জন্য ব্যয় হয়েছে ১৭.২৮ কোটি টাকা। এর ফলে বছরে মোট সম্পন্ন কার্যক্রমের সংখ্যা দাড়িয়েছে ২৯৭।

এনইএসআইডিএস-রোডস প্রকল্পে ডোনার মন্ত্রণালয় পঞ্চদশ অর্থকমিশন চলাকালীন সময়ে এই অঞ্চলের ৮টি রাজ্যের জন্য ৬৪টি সড়ক প্রকল্প অনুমোদন করেছে। এগুলির পেছনে অর্থ বরাদ্দ ধরা হয়েছে ৩,০৩৭.৩৯ কোটি টাকা। এর মধ্যে ১,১২৩.০৮ কোটি টাকা ব্যয়ে ৩০টি প্রজেক্টের কাজ সম্পন্ন হয়েছে। শুধুমাত্র ২০২৫-২৬ অর্থবছরে এনইএসআইডিএস-রোডস প্রকল্পে ৭০৪.৬৬ কোটি টাকা ব্যয় করা হয়েছে। এই অর্থ দিয়ে এই অঞ্চলের বিভিন্ন রাজ্যের গুরুত্বপূর্ণ নদীগুলির উপর সেতু, সড়ক উন্নয়নের মতো গুরুত্বপূর্ণ কাজ করা হয়েছে।

এনইসি সচিবালয় ২০২৫-২৬ অর্থবছরে বিভিন্ন প্রকল্পের কাজ সরেজমিনে খতিয়ে দেখার জন্য ৪০৫ বার বিভিন্ন জায়গা পরিদর্শন করেছেন। বিভিন্ন কাজের গুণগতমান বজায় রাখা, সময়মতো কাজ শেষ করার ক্ষেত্রে এই পরিদর্শনগুলি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

*****২য় পাতায়

প্রতিশ্রুতিবদ্ধ অর্থনৈতিক দায়ভার কমানোর ক্ষেত্রে ২০২৫-২৬ অর্থবছরে এনইসি উল্লেখযোগ্য সাফল্য দেখিয়েছে। ২০২২ সালের ১ এপ্রিল প্রতিশ্রুতিবদ্ধ অর্থনৈতিক দায়ভার যেখানে ছিল ১,৭৪৩.৪৮ কোটি টাকা, ২০২৬ সালের ৩১ মার্চ তা কমে এসে দাঁড়িয়েছে ৮১৩.১৭ কোটি টাকা। গত ৪ বছরে এই দায়ভার ৫৩ শতাংশ-র ও বেশি হ্রাস পেয়েছে এবং একই সঙ্গে অমীমাংসিত ইউটিলাইজেশান সার্টিফিকেট (ইউসি)র সংখ্যাও হ্রাস করা সম্ভব হয়েছে। ২০২৫ সালের ১ এপ্রিল ৪৪০.৮২ কোটি টাকার ইউসি যেখানে ছিল তা ২০২৬ সালের ফেব্রুয়ারি-মার্চ মাসে হ্রাস পেয়ে ১০.৯৪ কোটি টাকাতে গিয়ে দাঁড়িয়েছে। অর্থাৎ শুধুমাত্র একটি অর্থবছরে অমীমাংসিত ইউটিলাইজেশান সার্টিফিকেটের পরিমাণ ৯৭ শতাংশ হ্রাস পেয়েছে।

এই সময়ের মধ্যে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে ব্যাপক উন্নয়নের কাজ হওয়ায় এনইসি’র সচিব এই অঞ্চলের রাজ্য সরকারগুলি এবং বিভিন্ন প্রকল্পের কাজে নিয়োজিত সংস্থাগুলিকে বিশেষভাবে ধন্যবাদ জানিয়েছেন। এনইসি’র চেয়ারপার্সন (কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী) এবং ভাইস চেয়ারপার্সন (ডোনার মন্ত্রকের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী)র ডায়ানামিক নেতৃত্বে এই অঞ্চলের রাজ্যগুলির সামনের দিকে এগিয়ে চলেছে। এনইসি’র পক্ষ থেকে প্রচারিত এক প্রেস রিলিজে এই তথ্য জানানো হয়েছে।

******